JUSTICE AGENDA
NO TIME TO WAIT

**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# লেক অন্টারিও অঞ্চলে পর্যটন জোরদার করতে নতুন প্রচারাভিযান চালু করলেন গভর্নর কুওমো

***শ্রম দিবসের মধ্য দিয়ে লেক অন্টারিও, সেন্ট লরেন্স নদী এবং লোয়ার নায়াগ্রা নদীতে বিনামূল্যে মৎস্য শিকার এবং লেক অন্টারিও ও সেন্ট লরেন্স নদী তীরে অঙ্গরাজ্যের পার্কগুলোতে ক্যাম্পিং-এর ক্ষেত্রে 50% ছাড় এবং বিনামূল্যে যানবাহন প্রবেশ সুবিধা প্রদানের ঘোষণা করলেন***

***নতুন টেলিভিশন স্পট লেক অন্টারিও এবং আশেপাশের আকর্ষণীয় স্থানে ভ্রমণে সহায়তা করবে - বিজ্ঞাপনটি দেখুন এখানে***

***হ্যাচারি উন্নয়ন এবং স্থিতিস্থাপকতা অনুদান (Resiliency Grant) 121 মিলিয়ন ডলারের সুবিধা প্রদান করবে আঞ্চলিক অর্থনীতিকে জোরদার করবে***

***স্থানীয় অর্থনীতি শক্তিশালীকরণের মাধ্যমে তীরবর্তী অঞ্চলে আরও স্থিতিস্থাপকতা ও শক্তিশালী স্থানীয় কমিউনিটি গড়ে তোলার লক্ষ্যে REDI কমিশনের মিশন জোরদার***

সাম্প্রতিক বন্যার ফলে উপকূলীয় কমিউনিটিগুলোতে পর্যটন বাধাগ্রস্ত হওয়ার পর গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ লেক অন্টারিও অঞ্চলে পর্যটন জোরদার করতে নতুন প্রচারাভিযান চালুর ঘোষণা দিয়েছেন। নতুন উদ্যোগের মধ্যে রয়েছে শ্রম দিবসের মধ্য দিয়ে লেক অন্টারিও, সেন্ট লরেন্স নদী এবং লোয়ার নায়াগ্রা নদীতে বিনামূল্যে মৎস্য শিকার এবং লেক ও নদী বরাবর অঙ্গরাজ্যের ক্যাম্পিং-এর স্থানগুলোতে 50% ছাড় এবং বিনামূল্যে যানবাহন প্রবেশ সুবিধা প্রদান। কয়েকটি প্রতিবেশী অঙ্গরাজ্যে প্রচারিত এক নতুন টেলিভিশন বিজ্ঞাপনে অঞ্চলটিতে এই নতুন প্রচারাভিযান এবং ক্রিয়াকলাপ প্রচার করা হবে। গভর্নর আরও ঘোষণা করেন যে, 5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ব্যয়ে অসওয়েগো কাউন্টি'র স্যামন নদীতে মাছের হ্যাচারি আধুনিকায়ন করা হবে।

"লেক অন্টারিও এবং উজানের অঞ্চলে বিদ্যমান আমাদের সম্পদ তুলনাহীন - এবং পর্যটন চলাকালে তা ব্যাপক অর্থনৈতিক শক্তি উৎপাদক, এ অঞ্চলে সাম্প্রতিক বন্যার পরিপ্রেক্ষিতে আমাদের এখানে কী আছে সেটা আমাদের প্রকাশ করতে হবে", **গভর্নর কুওমো বলেন**। "এ কারণেই আমরা লেক অন্টারিও'র কাছে পর্যটনে সহায়তার জন্য একটি নতুন প্রচারাভিযান শুরু করছি এবং আমাদের কথা খুব সহজ: আপনি দুর্দান্ত, সাশ্রয়ী মূল্যের এবং পরিবার বান্ধব অবকাশ খুঁজলে - লেক অন্টারিও'র উত্তরে দেখুন। আমরা আরও উন্নত ও শক্তিশালী হয়ে উঠছি যাতে আমরা বন্যার

এই নতুন স্বাভাবিক পরিস্থিতি মানিয়ে নিতে পারি, এবং এটাই স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়নের উদ্যোগ।"

**অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন,** "অত্যাশ্চর্য ভিস্তা থেকে শুরু করে প্রাচীন সৈকত, মহাকাব্যিক পাহাড় আরোহন, শহুরে অভিযান পর্যন্ত আমাদের নিউইয়র্কে সত্যিই সবকিছু রয়েছে। লেক অন্টারিও হল আমাদের সবচেয়ে মহিমান্বিত মূল্যবান প্রাকৃতিক বিস্ময়ের একটি। এই অঞ্চল সম্প্রতি কিছু কঠিন সময়ের মুখোমুখি হলেও নিউইয়র্কবাসী দৃঢ়চেতা। এবং এ অঞ্চল ভ্রমণে জনগণকে উৎসাহিত করতে এবং এটিকে অবকাশকালীন ও অভিযাত্রীদের জন্য জনপ্রিয় গন্তব্য হিসাবে ধরে রাখার ক্ষেত্রে অঙ্গরাজ্যের অতিরিক্ত সম্পদ সংস্থানের অঙ্গীকার করায় আমরা গভর্নর কুওমো'র কাছে কৃতজ্ঞ।"

"সৌখিন মৎস্য শিকারীদের প্রধান গন্তব্য হিসাবে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী'র স্বীকৃতি অব্যাহত থাকায় নিউইয়র্কে আমরা গর্বিত, যা বাসিন্দা ও ভ্রমণকারীদের প্রচুর বিনোদনমূলক কর্মকাণ্ডের উৎস", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "এই নতুন প্রচারাভিযান এ অঞ্চলে বিনামূল্যে মৎস্য শিকার এবং ক্যাম্পিং-এর ক্ষেত্রে ছাড় প্রদান করবে, যা আরও বেশি লোককে আকর্ষণ এবং পর্যটন শিল্পকে জোরদার করবে। এই প্রচেষ্টা আরও স্থিতিস্থাপক এবং শক্তিশালী অঞ্চল তৈরির লক্ষ্যে আমাদের কর্মকাণ্ডের ভিত্তিতে গড়ে উঠবে, যা সুরক্ষিত অবস্থা এবং বর্তমান ও ভবিষ্যত বিকাশের সুযোগ নিশ্চিত করবে।"

গভর্নর কুওমো সম্প্রতি লেক অন্টারিও হ্রদ ও সেন্ট লরেন্স নদী তীরবর্তী অবকাঠামো মজবুত ও স্থিতিশীলতা বৃদ্ধি এবং এ অঞ্চলের স্থানীয় অর্থনীতি শক্তিশালী করার পরিকল্পনা প্রণয়নের জন্য বহু-সংস্থা ভিত্তিক টাস্ক ফোর্স, REDI কমিশন চালু করেছেন। লেক অন্টারিও'র বন্যায় ক্ষতিগ্রস্থ এলাকাগুলোর জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থায়ন REDI কমিশনের কাজের মধ্যে রয়েছে। এই প্রচারাভিযান নিউইয়র্ক অঙ্গরাজ্যে ভ্রমণের বিষয়টি বিবেচনাকারী পর্যটকদের এটা স্মরণ করিয়ে দেবে যে, লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী অঞ্চল ব্যবসায়ের জন্য উন্মুক্ত এবং সপ্তাহান্তের ভ্রমণ বা বর্ধিত অবকাশের ব্যাপক সুবিধায় পরিপূর্ণ।

নিউইয়র্কের গ্রেট লেকস বিশ্বের সেরা বিনোদনমূলক মৎস্য শিকারের সুযোগ প্রদান করে এবং লেক অন্টারিও, সেন্ট লরেন্স নদী ও হাজারো দ্বীপাঞ্চল বিনোদনমূলক মৎস্য শিকার থেকে আনুমানিক 121 মিলিয়ন ডলারের আঞ্চলিক অর্থনৈতিক সুবিধা প্রদান করে। বিগত কয়েক বছরে নিউইয়র্কের অপরূপ উত্তরের প্রাকৃতিক উপকূলরেখা বরাবর বেশ কয়েকটি জনপ্রিয় প্রজাতির ক্ষেত্রে রেকর্ড ভঙ্গকারী মৎস্য শিকার করা সম্ভব হয়েছে এবং 2019 মৌসুম আবারও এক্ষেত্রে দুর্দান্ত সুযোগ সৃষ্টি করেছে। লেক অন্টারিও হ্রদ ট্রফি ট্রাউট এবং স্যামন শিকারের স্বর্গ হিসাবে পরিচিত। 2019 সালের র‍্যাঙ্কিং-এ এবং প্রথমবারের মতো, *ব্যাসমাস্টার ম্যাগাজিন* (Bassmaster Magazine) সেন্ট লরেন্স নদীকে দেশের শীর্ষ গভীর পানির মৎস্য শিকারের গন্তব্য হিসাবে অভিহিত করে। হ্রদের স্তর গড়ের উপরে থাকবে বলে ধারণার প্রেক্ষিতে সাম্প্রতিক ইতিহাস প্রমাণ করেছে যে, তীর থেকে বা নৌকায় করে সমস্ত দক্ষতার স্তরের জন্য এই পানিতে মৎস্য শিকার অগ্রগণ্য ও উপযুক্ত থাকবে।

গাইডের সহায়তায় ভ্রমণ করতে আগ্রহীদের জন্য ভাড়া করার উপযোগী বহু ফিশিং চার্টার কোম্পানি রয়েছে।

**লেক অন্টারিও, সেন্ট লরেন্স নদী এবং লোয়ার নায়াগ্রা নদীতে বিনামূল্যে মৎস্য শিকার**
গভর্নর কুওমো আজ ঘোষণা করেন যে, প্রথমবারের মতো নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) লেক অন্টারিও, সেন্ট লরেন্স নদী এবং লোয়ার নায়াগ্রা নদী তীরে মৎস্য শিকারের লাইসেন্স এবং লাইসেন্স ফি মওকুফ করছে, যা শুক্রবার, 2 আগস্ট, 2019 তারিখের শ্রম দিবসের মধ্য দিয়ে শুরু হয়ে 2 সেপ্টেম্বর, 2019 পূর্বাঞ্চলীয় মান সময় (EST) অনুযায়ী বিকেল 5 টা পর্যন্ত চলবে। তবে এ সময়েও মৌসুম, শিকারের হার, এবং আকার সীমা বিষয়ক অঙ্গরাজ্যের সমস্ত বিধি প্রযোজ্য। লেক অন্টারিও ও সেন্ট লরেন্স নদীতে বিনামূল্যে মৎস্য শিকার গভর্নর কুওমো'র মৎস্য শিকারের জন্য উন্মুক্ত নিউইয়র্ক (NY Open for Fishing and Hunting) উদ্যোগের সহায়ক এবং লেক অন্টারিও ও সেন্ট লরেন্স নদীতে মৎস্য শিকারের এই নতুন সময় 2019 সালের বিনামূল্যে মৎস্য শিকারের অন্যান্য দিন 28 সেপ্টেম্বর, জাতীয় মৎস্য শিকার দিবস এবং 11 নভেম্বর, অবসরপ্রাপ্ত সৈনিক-দিবসের (Veterans Day) অতিরিক্ত। আরও তথ্যের জন্য দেখুন https://on.ny.gov/freefishing2019।

**অঙ্গরাজ্যের পার্কগুলোতে ক্যাম্পিং এবং যানবাহনের প্রবেশ ফি'র ক্ষেত্রে 50% ছাড়**
নিউইয়র্ক অঙ্গরাজ্যের পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলো ঘুরে দেখার ক্ষেত্রে পর্যটকদের উৎসাহিত করতে পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী বরাবর অঙ্গরাজ্যের 30 টি ক্যাম্পিং স্থান, পার্ক এবং নৌকা ভ্রমণে সেপ্টেম্বরের মধ্য দিয়ে নতুন বুকিং এবং যানবাহনের প্রবেশের ফি 50 শতাংশ ছাড় দিচ্ছে। প্রচারাভিযানে অন্তর্ভুক্ত অঙ্গরাজ্যের পার্ক ও স্থানগুলো হ'ল:

- লেক অন্টারিও: চিমনি ব্লাফস, ফেয়ার হ্যাভেন; ফোর্ট নায়াগ্রা, ফোর মাইল ক্রিক; গোল্ডেন হিল; হ্যামলিন সৈকত; লেকসাইড সৈকত; মেক্সিকো পয়েন্ট নৌকা ভ্রমণ, ওক অর্চার্ড, স্যান্ডি দ্বীপের সৈকত, সেলকির্ক উপকূল; সাউথউইক সৈকত; ওয়েস্টকট সৈকত, উইলসন-তাসকারোরা,
- সেন্ট লরেন্স ননী: বার্নহাম পয়েন্ট; ক্যানো-পিকনিক পয়েন্ট; সিডার দ্বীপ; সিডার পয়েন্ট; কোলস ক্রিক; দেউল্ফ পয়েন্ট; গ্রাস পয়েন্ট; জ্যাক কারটিয়ের; কিওয়েদিন; ক্রিং পয়েন্ট; লং পয়েন্ট; মেরি দ্বীপ; রবার্ট মুসা; রক আইল্যান্ড; ওয়াটারসন পয়েন্ট, ওয়েলেসলি দ্বীপ।

ক্যাম্পিং সংরক্ষণ করা যাবে অনলাইনে এখানে: https://newyorkstateparks.reserveamerica.com/বা 1-800-456-CAMP-এ টোল মুক্ত কল করে।

**আমি নিউইয়র্ক (I LOVE NY) প্রচারাভিযানের বিজ্ঞাপন পছন্দ করি**

লেক অন্টারিও এবং আশেপাশে জনপ্রিয় কর্মকাণ্ড এবং আকর্ষণ তুলে ধরে 30-সেকেন্ডের একটি নতুন স্পট নিউইয়র্ক অঙ্গরাজ্যের দক্ষিণাঞ্চল, ম্যাসাচুসেটস, পেনসিলভেনিয়া এবং কানেক্টিকাটসহ অভীষ্ট বাজারগুলিতে প্রচার করা হচ্ছে। এই বিজ্ঞাপন ডিজিটাল প্রচারের জন্যেও বিশেষভাবে বৈশিষ্ট্যমন্ডিত, যাতে রয়েছে বিজ্ঞাপন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার, iloveny.com-এ, লেক অন্টারিও অঞ্চলে একটি নিখুঁত সাপ্তাহিক ভ্রমণের জন্য প্রস্তাবিত গন্তব্যগুলিতে 48 ঘন্টার ভ্রমণবৃত্তান্ত এর মতো ভ্রমণ-বিষয়ক সামগ্রী উপস্থাপন।

বিজ্ঞাপনটিতে সাউথউইক সৈকতের স্টেট পার্ক, গোল্ডেন হিল স্টেট পার্কের থার্টি মাইল লাইটহাউস এবং সেলকির্ক উপকূলের স্টেট পার্কে ক্যাম্পিং সুবিধার মতো পরিবার বান্ধব আকর্ষণ তুলে ধরা হয়েছে। এতে অসওয়েগোতে এইচ. লি হোয়াইট মেরিটাইম যাদুঘর (H. Lee White Maritime Museum) এবং সুরম্য লেক অন্টারিওতে বিশ্বমানের মৎস্য শিকারের মাধ্যমে নৌ-ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের পাশাপাশি ইয়ংস্টাউনের ওল্ড ফোর্ট নায়াগ্রা প্রদর্শন করে এ অঞ্চলের ঐতিহাসিক তাৎর্য উপোস্থাপন করা হয়েছে।

**হ্যাচারি উন্নয়ন**

এছাড়া গভর্নর কুওমো লেক অন্টারিওতে মৎস্য শিকারের অভিজ্ঞতা আরও সমৃদ্ধ করতে অসওয়েগো কাউন্টি'র অল্টমারে স্যামন নদীর মাছের হ্যাচারিকে আধুনিকায়নের জন্য 5.25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের কথাও ঘোষণা করেছেন। এই তহবিল মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জল সংরক্ষণ এবং পুনর্ব্যবহারের জন্য সর্বাধুনিক প্রযুক্তির উন্নয়নে সহায়তা করবে। মাছ বৃদ্ধি একটি জল-নিবিড় কাজ এবং হ্যাচারি বর্তমানে প্রতি মিনিটে 10,000 গ্যালন পানির প্রবাহ ব্যবহার করে থাকে। এই উন্নয়ন কাজ মজুতের জন্য মাছের পরিমাণ আরও বৃদ্ধির পাশাপাশি অর্থ সাশ্রয়ের ক্ষেত্রে সহায়ক হবে।

**গ্রেট লেকস অনুদান প্রদান**

গভর্নর কুওমো'র REDI উদ্যোগের অংশ হিসাবে স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পে আরও বিনিয়োগের জন্য DEC এবং নিউইয়র্ক সি গ্রান্ট (New York Sea Grant) আজ এ অঞ্চলের কমিউনিটি ভিত্তিক প্রকল্পগুলোর জন্য প্রায় 75,000 মার্কিন ডলার প্রদানের কথা ঘোষণা করেছে। গ্রেট লেকস অববাহিকা ক্ষুদ্র অনুদান কর্মসূচি'র অনুদান প্রাপ্তরা গ্রেট লেকস জলাশয় জুড়ে কমিউনিটি, পরিবেশ ও অর্থনৈতিক সুরক্ষার ক্ষেত্রে উন্নয়ন করবে। অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ তহবিলের (Environmental Protection Fund) মহাসাগর ও গ্রেট লেকস বাস্তুসংস্থান সংরক্ষণ কর্মসূচি থেকে এই অর্থায়ন করা হয় এবং তা অ-প্রতিস্থাপনযোগ্য গ্রেট লেকস এর প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, সুরক্ষা এবং সমৃদ্ধ করতে জটিল পরিবেশগত সমস্যার জন্য বাস্তুতন্ত্র-ভিত্তিক ব্যবস্থাপনার প্রয়োগকে সহায়তা করে। যেসব সংস্থা তা পাবে সেগুলো হল:

- সেন্ট লরেন্স কাউন্টি চেম্বার অব কমার্স - 24,999 মার্কিন ডলার: লেক সেন্ট লরেন্স পর্যটন গন্তব্য মহাপরিকল্পনা। এই প্রকল্প পরিবেশ-পর্যটন এবং বিনোদনমূলক সুযোগের জন্য অর্থায়ন বৃদ্ধি এবং সুরক্ষিত করতে বছরব্যাপী বিনোদনমূলক ক্রিয়াকলাপের জন্য স্থানীয় জলপথ এবং স্থল ভিত্তিক অবস্থানসমূহে প্রবেশ সুবিধা বৃদ্ধি, এবং পথ ও দর্শনীয় স্থানসমূহে

ঐতিহাসিক ব্যাখ্যার সুযোগ বৃদ্ধি করে পর্যটন-সংক্রান্ত আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করার মতো আন্তঃ-পৌর পরিকল্পনা তৈরি করছে।

- সিরাকিউজ বিশ্ববিদ্যালয়ের পরিবেশগত আর্থিক কেন্দ্র - 24,999 মার্কিন ডলার: পরিকল্পনা থেকে বাস্তবায়ন পর্যন্ত (From Planning to Implementation): স্যান্ডি ক্রিক শহরে সক্ষমতা তৈরি। এই প্রকল্প স্থানীয় সরকারকে বিদ্যমান পরিকল্পনার আওতায় বাস্তুতন্ত্র-ভিত্তিক ব্যবস্থাপনা বাস্তবায়নে এবং নর্থ ও সাউথ স্যান্ডি পন্ড'স জলাশয়ের জন্য পরিকল্পনা কৌশল প্রণয়নে সহায়তা প্রদান করবে।
- সোডাস পয়েন্ট গ্রাম - 24,999 মার্কিন ডলার: গ্রেট সোডাস উপসাগরের পরিবেশ পর্যটন গন্তব্য হিসাবে সাউথ অন্টারিও স্ট্রিট ডিঙ্গি ও কায়াক ভ্রমণ চালু। এই প্রকল্প প্রতিবন্ধীদের ব্যবহারযোগ্য মোটর বিহীন নৌকা চালু এবং সোডাস উপসাগরে তা চালানোর পথে প্রবেশ সুবিধা সম্প্রসারণ করবে। এ স্থানের কাজের মধ্যে রয়েছে সবুজ অবকাঠামোগত উপাদান যা উপসাগর বরাবর প্রাকৃতিকভাবে বিদ্যমান তীর অঞ্চল সংরক্ষণ করবে। স্থানীয় সহযোগীদের মধ্যে রয়েছে নেইবারহুড অ্যাসোসিয়েশন অব সোডাস পয়েন্ট (Neighborhood Association of Sodus Point) এবং সেভ আওয়ার সোডাস (Save Our Sodus)।

**এম্পায়ার স্টেট বিকাশ (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন,** "প্রথম দিন থেকে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী অঞ্চলের কমিউনিটি REDI কমিশনের সদস্যদের পরিষ্কারভাবে জানিয়ে দিয়েছে যে, তাদের অঞ্চলের অর্থনীতি'র জন্য দর্শনার্থীদের জানা গুরুত্বপূর্ণ যে তারা অবাধে ব্যবসা করতে পারেন - এবং আমরা সে ব্যবস্থা করছি।"

**ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের কমিশনার বেসিল সেগোস বলেন,** "লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীতে আমাদের অঙ্গরাজ্যের বহু সুন্দরতম, ঐতিহাসিক এবং আনন্দদায়ক আকর্ষণ রয়েছে। বিশেষত এ অঞ্চলের বিশ্ব-মানের মৎস্য শিকারের গন্তব্যের জন্য এটা সত্যি, যেখানে মৎস্য শিকারের কয়েকজন সেরা পুরুষ ও নারী খেলোয়াড়কে দেখা যায়। গভর্নর কুওমো কর্তৃক আজ ঘোষিত নতুন পর্যটন সহায়তা, স্যামন নদীর হ্যাচারিতে বিনিয়োগ, স্থিতিস্থাপকতায় অর্থায়ন এবং এই গ্রীষ্মে লাইসেন্স বিহীন মৎস্য শিকার আরও অধিক সংখ্যক নিউইয়র্কবাসীকে আমাদের উত্তর উপকূলের সম্পদ কাজে লাগানোর ক্ষেত্রে এবং আরও ভ্রমণকারীকে তাদের জন্য অপেক্ষমান দারুন সব সুযোগগুলিতে আকৃষ্ট করবে।"

**স্টেট পার্কস (State Parks) কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "লেক অন্টারিও অঞ্চলে এখনও দারুন সব ক্যাম্পিং-এর স্থান রয়েছে যেগুলোর অনেকগুলি লেক পার্শ্বের দৃশ্যপট সমৃদ্ধ। আমি নিউইয়র্ক অঙ্গরাজ্যের অবিশ্বাস্য সুন্দর অংশ দেখার সুযোগের সদ্ব্যবহার করতে বহিরঙ্গন অভিযাত্রীদের উৎসাহিত করছি।"

**নিউইয়র্ক অঙ্গরাজ্যের পর্যটন বিষয়ক নির্বাহী পরিচালক রস ডি. রেভি বলেন,** "ভ্রমণকারীদের আজীবন অবকাশ প্রদানের জন্য লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীকে ঘিরে দ্বীপের দুর্গ ও মিঠা

পানির সৈকত থেকে শুরু করে জেট বোট ভ্রমণ এবং বিশ্বমানের যাদুঘর পর্যন্ত অসংখ্য গন্তব্য প্রস্তুত রয়েছে। এই গ্রীষ্মে এ অঞ্চলে স্মরণীয় পারিবারিক ভ্রমণ করে সংশ্লিষ্টরা নৌকা চালানো এবং মাছ ধরা বা সাংস্কৃতিক আকর্ষণ যাই হোক না কেন, যা তারা পছন্দ করে সেটা উপভোগ করতে পারে।"

**সিনেটর প্যাটি রিচি বলেন,** "আমাদের লেক পার্শ্বের কমিউনিটিসমূহের অর্থনৈতিক বিকাশের জন্য লেক অন্টারিও একটি বিশাল সম্পদ। অবিশ্বাস্য মৎস্য শিকারসহ লেক অন্টারিও'র সমস্ত সুবিধায় সহায়তা প্রদানের জন্য আজ গুরুত্বপূর্ণ পদক্ষেপের দিন। আমি গভর্নর কুওমোকে লেক অন্টারিও'র প্রতি তার অটল প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের ভবিষ্যত অর্থনীতি আরও জোরদার করতে তার সাথে কাজ করার অপেক্ষায় রইলাম।"

**পরিষদ সদস্য উইল বারক্লে বলেন,** "পর্যটন সম্প্রসারণ এবং লেক অন্টারিওতে ভ্রমণ সহায়ক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে, নিউইয়র্ক নিশ্চিত করছে যে, লেক অন্টারিও কমিউনিটি ব্যবসায়ের জন্য উন্মুক্ত থাকবে। আমি এই নতুন প্রচারাভিযান চালুর জন্য গভর্নর কুওমো'র প্রশংসা করি, যা অবশ্যই আমাদের অঞ্চলের পরিবর্তনের নিয়ামক হয়ে উঠবে।"

**অসওগো'র মেয়র বিলি বার্লো বলেন,** "ওসওয়েগো'র মেয়র হিসাবে আমি আমাদের অর্থনীতিতে লেক অন্টারিও'র প্রভাব এবং পর্যটন জোরদার করতে এর সম্পদকে সহায়তা প্রদানের গুরুত্ব সম্পর্কে সম্যক অবগত। গভর্নর কুওমো'র অবদানে এই নতুন প্রচারাভিযান আগামী কয়েক দশক ধরে আমাদের শহর এবং এ অঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধি নিশ্চিত করবে। আমি লেক অন্টারিও'র উপকূলীয় কমিউনিটিসমূহের অর্থনৈতিক বিকাশ নিশ্চিত করতে গভর্নর কুওমোর প্রচেষ্টার প্রশংসা করি এবং আমাদের অঞ্চলের সত্যিকারের বন্ধু ও সহযোগী হওয়ায় তাকে ধন্যবাদ জানাই।"

**নিউইয়র্ক সি গ্রান্ট অ্যাসোসিয়েট এর পরিচালক ক্যাথরিন ই. বান্টিং-হাওয়ার্থ বলেন:** "নিউইয়র্কের গ্রেট লেকস জলাশয় জুড়ে কমিউনিটিসমূহকে তটরেখার স্থিতিস্থাপকতা তৈরি এবং জলজ আবাস এবং সেইসাথে তীরবর্তী পর্যটন ও অর্থনৈতিক উন্নয়ন সম্প্রসারণে বাস্তুতন্ত্র-ভিত্তিক চর্চা প্রয়োগ করার ব্যাপারে সুযোগ চিহ্নিত করে কাজে লাগানোর ক্ষেত্রে সহায়তা প্রদানে নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগের সাথে কাজ করতে পেরে নিউইয়র্ক সি গ্রান্ট আনন্দিত।"

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন